## নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

নিলাম পরিচিতি নং - ১৯৫

| | | | | |
|---|---|---|---|---|
| ১ | মন্ত্রণালয়/বিভাগ | বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ। | | |
| ২ | এজেন্সী | আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানী লিমিটেড। | | |
| ৩ | নিলামকারী দপ্তরের নাম | প্রকিউরমেন্ট | | |
| ৪ | নিলামকারী দপ্তরের জেলা | ব্রাহ্মণবাড়িয়া | | |
| ৫ | কাজের নাম | আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানী লিঃ (এপিএসসিএল)-এর পুরাতন প্ল্যান্ট এরিয়ায় স্থাপনাদির পাওয়ার সরবরাহ চালু রাখার লক্ষ্যে নতুন সুইচগিয়ার ভবন নির্মান করার স্থানে অবস্থিত টিনশেড বিল্ডিং ও গাছসমূহ (যেখানে যে অবস্থায় আছে) নিলামে বিক্রয় করণ। | | |
| ৬ | বিজ্ঞপ্তি সূত্র নং | ২৭.২৫.১২৩৩.০০০.৩০১.৩৬.০০০১.২৩.৭০৯ | | |
| ৭ | তারিখ | ১৫ জুলাই ২০২৬ | | |
| ৮ | নিলাম পদ্ধতি | খোলা দরপত্র | | |
| ৯ | নিলামে আবেদন/দরপত্র দাখিল/দরপত্র খোলার তারিখ ও সময় | আবেদনের শুরুর তারিখ ও সময় | দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় |
| | | ১৬ জুলাই ২০২৬, ১০ : ৩০ দুপুর | ৩০ জুলাই ২০২৬, ১২ : ৩০ দুপুর | ৩০ জুলাই ২০২৬, ১২ : ৩৫ দুপুর |

দরদাতার জন্য তথ্যাবলী

| | | |
|---|---|---|
| ১১ | দরদাতার যোগ্যতা | ১. নিলামে অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স, হালনাগাদ আয়কর পরিশোধ-সংক্রান্ত ডকুমেন্ট ও ভ্যাট নিবন্ধন সনদপত্র থাকতে হবে।<br>২. দরপত্রদাতার পক্ষে দরপত্র জমা দেওয়ার Authorization Letter জমা দিতে হবে। |
| ১২ | ই-অকশনের আবেদন ফী | ৳ ১,০০০.০০ /= (এক হাজার টাকা) মাত্র (অফেরতযোগ্য) ই-অকশনের আবেদন ফি ই-অকশন প্রক্রিয়ায় টোকেন সংগ্রহের মাধ্যমে ইস্টার্ণ ব্যাংক লিঃ-এর যেকোন শাখায় জমা প্রদানের মাধ্যমে নিলামে অংশগ্রহণ করতে হবে। |
| ১৩ | দরপত্র/নিলামের জামানত | ৳ ২৫,০০০.০০ (পঁচিশ হাজার টাকা) মাত্র (ফেরতযোগ্য) নিলামের জামানত হিসেবে উল্লিখিত টাকা ই-অকশন প্রক্রিয়ায় টোকেন সংগ্রহের মাধ্যমে ইস্টার্ণ ব্যাংক লিঃ-এর যেকোন শাখায় জমাদানের মাধ্যমে নিলামের সিডিউলে দর প্রদান করতে হবে। |
| ১৪ | কাজ সমাপ্তির সময় | সাইট হস্তান্তরের তারিখ হতে ৯০ দিনের মধ্যে। |
| ১৫ | বিজয়ী দরদাতার মূল্য পরিশোধের সময় | Notification of Award (NoA) জারীর ১৪ দিনের মধ্যে। |
| ১৬ | দরপত্র আহ্বানকারী কর্মকর্তার নাম | মোঃ রফিকুদ্দৌলা |
| ১৭ | দরপত্র আহ্বানকারী কর্মকর্তার পদবী | উপ-মহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব) |
| ১৮ | দরপত্র আহ্বানকারী কর্মকর্তার দাপ্তরিক ঠিকানা | প্রকিউরমেন্ট |

| | | |
|---|---|---|
| ১৯ | দরপত্র আহ্বানকারী কর্মকর্তার ফোন নম্বর | 02334431733 |
| ২০ | শর্তাবলী | ১. এটি একটি On-line ভিত্তিক নিলাম প্রক্রিয়া। আগ্রহী দরদাতাগণ https://eauction.apscl.gov.bd-এর মাধ্যমে এপিএসসিএল-এর নিলাম সাইটে প্রবেশ করতে পারবেন এবং নিলাম বিজ্ঞপ্তির তালিকা হতে আহবানকৃত নিলামের বিজ্ঞপ্তিসমূহ দেখতে পারবেন। এছাড়াও জরুরি বিজ্ঞপ্তি, সর্বাধিক জিজ্ঞাস্য প্রশ্নাবলী, প্রযোজ্য শর্তাবলী, যোগাযোগের ঠিকানা ও ইউজার ম্যানুয়াল দেখতে পারবেন। নিলামে অংশগ্রহণের বিস্তারিত প্রক্রিয়া সম্পর্কে ইউজার ম্যানুয়াল-এ বিশদভাবে বর্ণনা করা হয়েছে।<br>২. সকল আগ্রহী দরদাতাকে অবশ্যই এপিএসসিএল'র e-auction সিস্টেমে নিবন্ধিত হতে হবে। শুধুমাত্র নিবন্ধিত দরদাতাগণ নিলামে অংশগ্রহণ করতে পারবেন।<br>৩. Online ভিত্তিক নিলাম প্রক্রিয়ায় অংশগ্রহণ করার ক্ষেত্রে যেকোন কারিগরি সহায়তা ও ব্যাখ্যার জন্য Office hour (8am-4pm)-এ প্রকিউরমেন্ট বিভাগে যোগাযোগ করতে পারবেন।<br>৪. হালনাগাদ ট্রেড লাইসেন্স (স্ক্যানড কপি) অনলাইনে দরপত্রের সাথে আপলোড করতে হবে।<br>৫. হালনাগাদ আয়কর পরিশোধ-সংক্রান্ত ডকুমেন্ট (স্ক্যানড কপি) অনলাইনে দরপত্রের সাথে আপলোড করতে হবে।<br>৬. ভ্যাট নিবন্ধন সনদপত্র (স্ক্যানড কপি) অনলাইনে দরপত্রের সাথে আপলোড করতে হবে।<br>৭. দরপত্র আহ্বানকারী কর্তৃপক্ষের চাহিদার বিপরীতে মূল নথি-কাগজপত্র প্রদর্শন করতে হবে।<br>৮. সরকারী বিধি মোতাবেক প্রযোজ্য হারে ভ্যাট, ট্যাক্স আরোপযোগ্য হবে।<br>৯. ই-অকশন সিস্টেমে নির্দিষ্ট তারিখ ও সময়ের মধ্যে নিলাম দরপত্র দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের পরে কোন নিলাম দরপত্র দাখিল করা যাবে না।<br>১০. এপিএসসিএল'র ই-অকশন সিস্টেমের মাধ্যমে অনলাইনে নিলাম দরপত্র দাখিল করতে হবে। ডাক, কুরিয়ার সার্ভিস কিংবা ফ্যাক্সের মাধ্যমে প্রাপ্ত কোন নিলাম দরপত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।<br>১১. ত্রুটিপূর্ণ ও অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।<br>১২. আংশিক মালামালের জন্য দরপত্র দাখিল করা যাবে না এবং তা গ্রহণযোগ্যও হবে না।<br>১৩. নির্ধারিত সময়ের মধ্যে দর প্রদান করতে হবে। e-Auction সিস্টেম ব্যবহার করে দর প্রদানকালে কোন ধরনের কারিগরি ত্রুটি (Internet Connection এর সমস্যা ইত্যাদি)-র জন্য যথা সময়ে দরপত্র দাখিল করতে না পারার জন্য, অথবা corrupted বা virus infected file বা file download না করতে পারার দায় কর্তৃপক্ষ বহন করবে না, সকল দায় দরদাতাকে বহন করতে হবে।<br>১৪. দপ্তর চলাকালীন সময়ে পুর সংরক্ষণ বিভাগের প্রধানের পূর্ব অনুমতি সাপেক্ষ্যে নিজ খরচে নিলামকৃত পণ্য যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায় সরজমিনে প্রত্যক্ষ করতে পারবেন। পূর্ব অনুমতির জন্য দরপত্র দলিল ক্রয়ের ডকুমেন্ট প্রদর্শনের প্রয়োজন হতে পারে।<br>১৫. দরপত্র দাখিলের তারিখ, সময় ও শর্তাবলী পরিবর্তন/ সংশোধনের সকল ক্ষমতা দরপত্র আহ্বানকারী সংরক্ষণ করেন।<br>১৬. দরপত্রের বৈধতার মেয়াদ দরপত্র দাখিলের শেষ সময় হতে ১২০ (একশত বিশ) দিন পর্যন্ত বলবৎ থাকবে। দরপত্রের মেয়াদবৃদ্ধির ক্ষমতা এপিএসসিএল সংরক্ষণ করে। এপিএসসিএল-এর পক্ষ হতে মেয়াদবৃদ্ধির অনুরোধ সত্ত্বেও কোন দরদাতা নির্ধারিত সময়ের মধ্যে দরপত্রের মেয়াদবৃদ্ধিতে সম্মত না হলে, সেক্ষেত্রে সংশ্লিষ্ট দরপত্রটি মূল্যায়নের জন্য আর বিবেচিত হবে না।<br>১৭. দরপত্রে প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হলে কর্তৃপক্ষ উক্ত দরপত্র/ দরপত্রসমূহ বাতিল করতে পারবেন।<br>১৮. সর্বোচ্চ মূল্যায়িত দরের সমতার ক্ষেত্রে সংশ্লিষ্ট দরদাতাগণের প্রতিনিধির উপস্থিতিতে লটারির মাধ্যমে কৃতকার্য দরদাতা নির্ধারণ করা হবে। লটারির তারিখ, সময় ও স্থান চিঠির মাধ্যমে জানিয়ে দেয়া হবে। কোন প্রতিনিধি উপস্থিত না থাকলেও লটারি যথাসময়ে অনুষ্ঠিত হবে। এ বিষয়ে কোন ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না।<br>১৯. সর্বোচ্চ গ্রহণযোগ্য দরদাতা (Technically Responsive Highest Tenderer)'র অনুকূলে (প্রযোজ্য ক্ষেত্রে লটারীর মাধ্যমে নির্বাচিত বিজয়ী দরদাতা) Notification of Award ইস্যু করা হবে। সমুদয় টাকা জমা প্রদান সাপেক্ষ্যে Delivery order ইস্যু করা হবে।<br>২০. Notification of Award (NOA) প্রাপ্তির ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে বিজয়ী দরদাতাকে সংশ্লিষ্ট নিলামের বিপরীতে উদ্ধৃত মূল্যের সমুদয় টাকা (ভ্যাট/ট্যাক্স-সহ), অনলাইনে প্রস্তুতকৃত টোকেনের মাধ্যমে নির্দিষ্ট ব্যাংকে জমা দিতে হবে। শুধু মাত্র টোকেনের বিপরীতে একটি ট্রানজেকশনের মাধ্যমে সম্পূর্ণ টাকা একবারে জমা |

দিতে হবে। নির্ধারিত সময়সীমার মধ্যে প্রদেয় অর্থ জমা দিতে ব্যর্থ হলে, সংশ্লিষ্ট NOA বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট দরদাতার পূর্বে জমাকৃত দরপত্র/নিলামের জামানত বাজেয়াপ্ত (forfeit) করা হবে। কর্তৃপক্ষের সিদ্ধান্তক্রমে পরবর্তী দরদাতাদের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হবে।

২১. সমুদয় অর্থ জমাদানের পর APSCL কর্তৃপক্ষ কর্তৃক দরপত্র বিজ্ঞপ্তিতে উল্লিখিত সময়ের মধ্যে নিলামকৃত সকল মালামাল কার্যাদেশপ্রাপ্ত দরদাতাকে নিজ খরচে ও নিজ দায়িত্বে নির্ধারিত স্থান হতে যথাশীঘ্র গ্রহণ করতে হবে। মালামালের যেকোনো প্রকার ক্ষতি বা চুরির ক্ষেত্রে কর্তৃপক্ষ দায়ী থাকবে না। উল্লেখ্য, মালামালগুলি কাঁটার প্রয়োজন হলে তাহা বিক্রয়াদেশ প্রাপ্ত ব্যক্তি/ প্রতিষ্ঠানকে নিজ খরচে করতে হবে।

২২. নিলামকৃত মালামালের বিপরীতে কোন warranty প্রযোজ্য হবে না।

২৩. Delivery order ইস্যু করার পরে বিজয়ী দরদাতা ব্যতীত অবশিষ্ট দরপত্র জামানতসমূহ ফেরতযোগ্য হবে। বিজয়ী দরদাতার জমাকৃত দরপত্র জামানত সিকিউরিটি মানি হিসেবে ডেলিভারী সম্পন্ন হওয়া পর্যন্ত রক্ষিত থাকবে। কাজ করতে গিয়ে নিলামকারী প্রতিষ্ঠান কর্তৃক এপিএসসিএল- এর সম্পদের কোনরূপ ক্ষতি সাধিত হলে কিংবা বিলম্বে মালামাল গ্রহণের কারণে এল/ডি আরোপ করা হলে উক্ত টাকা সিকিউরিটি মানি হিসেবে রক্ষিত জমাকৃত দরপত্র জামানত থেকে কর্তন করা হবে। সঠিক দরপত্র জামানত পাওয়া না গেলে সংশ্লিষ্ট দরপত্র গ্রহণযোগ্য হবে না। ডেলিভারী সম্পন্ন হওয়ার পর সিকিউরিটি মানি হিসেবে রক্ষিত জমাকৃত দরপত্র জামানত ফেরতযোগ্য হবে। দরপত্র বাতিল হলে সকল দরদাতার দরপত্র জামানত ফেরত দেয়া হবে। দরপত্র জামানত বাজেয়াপ্ত হবে, যদি দরপত্রদাতাঃ ক) দরপত্র উন্মুক্তকরণের পর দরপত্রের বৈধতার মেয়াদের মধ্যে দরপত্র প্রত্যাহার/সংশোধন করে। খ) "Notification of Award" মোতাবেক টাকা জমাদানে ব্যর্থ হয়। গ) দরপত্র দলিলের কোন শর্ত মানতে অপারগ্রতা প্রকাশ করলে।

২৪. নিলাম দরদাতা ব্যক্তি / প্রতিষ্ঠানের কোনো রকম শর্ত গ্রহনযোগ্য হবে না।

২৫. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন অথবা সকল নিলাম দরপত্র গ্রহণ/বাতিল, সংশোধন বা এতদসংক্রান্ত যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করেন।

২৬. এপিএসসিএল কর্তৃক গঠিত ডেলিভারি কমিটির উপস্থিতিতে তাঁদের ছাড়পত্র অনুযায়ী মালামাল গ্রহণ করতে হবে।

২৭. মালামালসমূহ সিডিউল মোতাবেক যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায় গ্রহণ করতে হবে। এ বিষয়ে কোন ওজর-আপত্তি গ্রহণযোগ্য হবে না।

২৮. কাজের সময় Delivery order প্রাপ্ত ব্যক্তি/ প্রতিষ্ঠানের কোন প্রকার অবহেলার কারণে কর্তৃপক্ষের কোন প্রকার ক্ষতি সাধিত হলে ক্ষতি পূরণ বাবদ সম-পরিমাণ মূল্য Delivery order প্রাপ্ত ব্যক্তি/ প্রতিষ্ঠানের নিকট হতে আদায় করা হবে।

২৯. মালামালগুলি গ্রহণকালে এপিএসসিএল-এর ছাড়পত্র, গেইট পাশ, ডেলিভারী চালান এবং অন্যান্য শর্তাবলী প্রতিপালন পূর্বক গ্রহণ করতে হবে।

৩০. দাপ্তরিক সময়ের বাহিরে কাজ করতে হলে যথাযথ কর্তৃপক্ষের অনুমতি নিতে হবে। সরকারী ছুটি / বন্ধের দিন / দাপ্তরিক সময়ের বাহিরে মালামাল গেইটের বাহিরে নেয়া যাবে না।

৩১. আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানী লিঃ একটি KPI-ভুক্ত ও ISO সনদপ্রাপ্ত জাতীয় গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান। কাজেই উক্ত প্রতিষ্ঠানের নিরাপত্তা ও শৃঙ্খলা বিভাগের আইন-কানুন মানিয়া চলিয়া বর্ণিত কাজটি সম্পন্ন করতে হবে। নিলামকৃত সাইটের বাহিরে ঘুরা-ফেরা/যাওয়া যাবে না। প্রয়োজনীয় লোকবল, ট্রাক ও যন্ত্রপাতি বিদ্যুৎ কেন্দ্র এলাকায় প্রবেশের জন্য যথাযথ কর্তৃপক্ষের পূর্বানুমতি গ্রহণ করতে হবে এবং বিদ্যুৎ কেন্দ্রের সকল নিরাপত্তা বিধিমালা এবং ভান্ডারের নিয়মকানুন মেনে চলতে হবে।

৩২. উক্ত কাজে নিয়োজিত সকল শ্রমিককে প্রয়োজনীয় পরিমাণে PPE (Personal Protective Equipment) যেমনঃ হাতের গ্লাবস্, গাম বোট/ সেফটি সু, গগলস প্রভৃতি Delivery order প্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠান কর্তৃক অবশ্যই সরবরাহের নিশ্চয়তা প্রদান করতে হবে। যেকোন ধরনের দুর্ঘটনার ক্ষেত্রে বাংলাদেশে প্রচলিত শ্রম আইন অনুযায়ী Delivery order প্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠান কর্তৃক ক্ষতিপূরণ প্রদান করতে হবে অন্যথায় আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে। Delivery order প্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠান নিজ দায়িত্বে ও নিজ খরচে পরিস্কার-পরিচ্ছন্ন করে ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট সাইট বুঝিয়ে দিতে হবে। উক্ত কাজ করতে গিয়ে এপিএসসিএল-এর যেকোন সম্পদের ক্ষতি হলে, তা Delivery order প্রাপ্ত ব্যক্তি/ প্রতিষ্ঠানকেই বহন করতে হবে।

৩৩. কাজ সম্পাদনের সময় আশে-পাশে অবস্থিত জনবসতি বা মানুষ অথবা পরিবেশের ক্ষতি সাধিত হয় এমন কোনো উপকরণ/ দ্রব্যাদি ব্যবহার করা যাবে না।

৩৪. অগ্নি নির্বাপনের জন্য প্রয়োজনীয় সংখ্যক Portable Fire Extinguisher কাজের আগেই মজুদ রাখতে হবে এবং প্রয়োজনীয় ক্ষেত্রে ব্যবহার নিশ্চিত করতে হবে।

৩৫. বর্ণিত কাজের সময় কোন লোক দূর্ঘটনায় পতিত হলে বা মৃত্যুবরণ করলে অথবা মালামালের ক্ষতি সাধিত হলে উহার জন্য সম্পূর্ণ দায়-দায়িত্ব Delivery order প্রাপ্ত ব্যক্তি/ প্রতিষ্ঠানকেই বহন করতে হবে

এবং বাংলাদেশ সরকারের শ্রম আইন অনুযায়ী ক্ষতি পূরণ প্রদান করতে হবে। এই বিষয়ে এপিএসসিএল কোন প্রকার দায়-দায়িত্ব বহন করবে না।

৩৬. যুক্তি সংগত কারণে মালামাল ডেলিভারী গ্রহন করিতে সময় বর্ধিতকরণের প্রয়োজন হলে Delivery order-এর নির্ধারিত সময়ের পূর্বে নিম্নস্বাক্ষরকারীর নিকট আবেদন পূর্বক সময় বর্ধিতকরণের অনুমতি গ্রহণ করতে হবে।

৩৭. Delivery order প্রাপ্ত প্রতিষ্ঠান নির্ধারিত সময়ের মধ্যে মালামাল অপসারণপূর্বক সাইট পরিস্কার করতে ব্যর্থ হলে প্রতিদিনের বিলম্বের জন্য Delivery order মূল্যের ০.০৭% (শূণ্য দশমিক শূণ্য সাত শতাংশ) হারে Liquidated Damages কর্তন করা হবে এবং তা Delivery order প্রাপ্ত প্রতিষ্ঠান-এর Security money হতে সমন্বয় করা হবে। Delivery order মূল্যের সর্ব্বোচ্চ ১০% (দশ শতাংশ) Liquidated Damages আরোপযোগ্য হবে। সর্ব্বোচ্চ ১০% Liquidated Damages আরোপের পরেও মালামাল অপসারণ না করলে ১৪ দিনের নোটিশ প্রদানপূর্বক Delivery order বাতিল করা হবে এবং পরিশোধিত মূল্য ফেরত প্রদান করা হবে না। অবশিষ্ট মালামাল / স্থাপনাসমূহ এপিএসসিএল-এর সম্পদ হিসেবে গণ্য হবে।

৩৮. উপর্যুক্ত শর্তাবলী, প্রযোজ্য শর্তাবলী এবং পরবর্তীতে Delivery order-এর শর্তাবলীসমূহ সঠিকভাবে মানিয়া না চললে কোন কারণ দর্শানো ব্যতিরেকেই Delivery order বাতিলসহ অন্যান্য যে কোন ব্যবস্থা গ্রহণ করবার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

৩৯. দরপত্র দলিল যথাযথ পূরণ পূর্বক উদ্ধৃত দর অবশ্যই বাংলাদেশী টাকায় উল্লেখ করতে হবে।

৪০. শর্তাবলীতে উল্লেখ নাই এমন বিষয়ে কোন জটিলতার সৃষ্টি হলে দরপত্র আহ্বানকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

৪১. দরপত্রদাতার পক্ষে দরপত্র জমা দেওয়ার Authorization Letter জমা দিতে হবে।

৪২. চাহিদাকৃত ভ্যালিড ডকুমেন্টসমূহ পাওয়া না গেলে অথবা দরপত্র মূল্যায়নকালে আংশিক (Partial), জাল (Forged) বা নকল (Fake) নথি-কাগজপত্র পাওয়া গেলে দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশক্রমে যথাযথ কর্তৃপক্ষ সংশ্লিষ্ট দরপত্রটি বাতিল করতে পারবে।

৪৩. শুধুমাত্র চিহ্নিত গাছগুলো এবং টিনশেড বিল্ডিং সংশ্লিষ্ট ডিভিশনের সাথে যোগাযোগ করে ডেলিভারী সম্পন্ন করতে হবে।

৪৪. টিনশেড বিল্ডিং ও গাছ কাটার সময় অবশ্যই নিরাপত্তা ব্যবস্থা রেখে নিরাপত্তা বেষ্টনির মধ্যে কাজটি সম্পন্ন করতে হবে। গাছের ছোট ঢাল-পাতা ও উচ্ছিষ্টাংশ নিজ দায়িত্বে নিজ খরচে পরিস্কার-পরিচ্ছন্ন করে সাইট বুঝিয়ে দিতে হবে।

৪৫. উক্ত নিলামের বিষয়ে কোন ক্ল্যারিফিকেশন দরকার হলে অবশ্যই উন্মুক্ত করার কমপক্ষে (১০) দশ কর্মদিবসের পূর্বে ক্ল্যারিফিকেশন দিতে হবে।